25 দৈনিক কক্সবাজার
তারিখ: ০৬/১০/৯৯ খ্রি.
পৃ. ৪ . ক- ৬

# ২ দিন ব্যাপী জাতীয় শিক্ষা জরিপের প্রশিক্ষণ কর্মসূচী শুরু

বার্তা পরিবেশক ॥ জাতীয় শিক্ষা জরিপ (পোস্ট প্রাইমারী) -৯৯ এর জন্য মনোনীত গণনাকারী ও সুপার ভাইজারদের ২ দিন ব্যাপী প্রশিক্ষন কর্মসূচী গতকাল থেকে শুরু হয়েছে। কক্সবাজার সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা মনোয়ারা বেগমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর পরিচালক প্রফেসর মোঃ শফিউল আলম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা) এ,টি,এম মোস্তফা কামাল ও জেলা শিক্ষা কর্মকর্তা অরুণ কান্তি চৌধুরী। প্রশিক্ষণ কর্মসূচীতে কক্সবাজার, রাঙ্গামাটি ও বান্দরবান জেলার গণনাকারী ও সুপারভাইজারগণ অংশ গ্রহণ করেন। উল্লেখ্য শিক্ষা মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে এবং বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর পরিচালনায় দেশব্যাপী শিক্ষা জরিপ আগামী ২৩ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত চলবে। এতে দেশের প্রায় ২৫ হাজার শিক্ষা প্রতিষ্ঠান অন্তর্ভূক্ত থাকবে বলে জানা গেছে।